(ঙ) একাডেমিক কাউন্সিল কর্তৃক মনোনীত অনুষদের এক বা একাধিক বিষয়ে বিশেষ জ্ঞানসম্পন্ন ২ (দুই) জন বিশেষজ্ঞ যাহারা বিশ্ববিদ্যালয়ের কোনো চাকুরীতে নিয়োজিত নহেন।

(৩) নির্বাহী কমিটিতে মনোনীত সদস্যগণ তাহাদের নিয়োগের তারিখ হইতে ২ (দুই) বৎসর মেয়াদের জন্য সদস্যপদে অধিষ্ঠিত থাকিবেন।

৩। **বাছাই কমিটি**।—(১) বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মচারী নিয়োগের সুপারিশের জন্য নিম্নবর্ণিত বাছাই কমিটি থাকিবে, যথা :—

(ক) অধ্যাপক ও সহযোগী অধ্যাপক নিয়োগের বাছাই কমিটি :

(১) উপাচার্য, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(২) আচার্য কর্তৃক মনোনীত ২ (দুই) জন শিক্ষাবিদ;

(৩) সিন্ডিকেট কর্তৃক মনোনীত সিন্ডিকেটের একজন সদস্য;

(৪) উপাচার্য কর্তৃক মনোনীত ১ (এক) জন বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ;

(৫) বিভাগীয় চেয়ারম্যান (যদি তিনি অধ্যাপক পদমর্যাদাসম্পন্ন হন);

(৬) একাডেমিক কাউন্সিল কর্তৃক মনোনীত উহার একজন সদস্য।

(খ) সহকারী অধ্যাপক ও প্রভাষক নিয়োগের বাছাই কমিটি :

(১) উপ-উপাচার্য, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(২) সিন্ডিকেট কর্তৃক মনোনীত ১ (এক) জন বিশেষজ্ঞ;

(৩) উপাচার্য কর্তৃক মনোনীত ১ (এক) জন বিশেষজ্ঞ;

(৪) একাডেমিক কাউন্সিল কর্তৃক মনোনীত উহার একজন সদস্য;

(৫) সংশ্লিষ্ট অনুষদের ডিন; এবং

(৬) বিভাগীয় চেয়ারম্যান (যদি তিনি অন্যূন সহযোগী অধ্যাপক পদমর্যাদাসম্পন্ন হন)।

(গ) কর্মচারী নিয়োগের বাছাই কমিটি :

(১) উপাচার্য, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(২) ট্রেজারার;

(৩) যে পদে কর্মচারী নিয়োগ করা হইবে সেই পদ সংশ্লিষ্ট বিষয়ে আচার্য কর্তৃক মনোনীত ১ (এক) জন বিশেষজ্ঞ;

(৪) সরকার কর্তৃক মনোনীত অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার ১ (এক) জন সদস্য;

(৫) সিন্ডিকেট কর্তৃক মনোনীত ১ (এক) জন বিশেষজ্ঞ সদস্য;

(৬) উপাচার্য কর্তৃক মনোনীত ১ (এক) জন ডিন।

